পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬৬০, বাংলাদেশ
ফোন ঃ অফিস-০৪৪২৭-৫৬০১৮
ফোন ঃ (পিএবিএক্স)ঃ ০৪৪২৭-৫৬০১৪-এক্স.২৫৯
ফ্যাক্সঃ ০৪৪২৭-৫৬১১২/৫৬০০৯

Planning, Development and Works Division
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8660, Bangladesh.
Phone: 04427-56018, Cell: 01711-593394
Phone: (PABX): 04427-56014-Ext. 259
Fax: 04427-56112/56009
E-mail: directorplanning@pstu.ac.bd
Website: www.pstu.ac.bd

স্মারক নং- পবিপ্রবি/পউওবি/২০০/২০২৫-২০২৬/১৫৬৮ তারিখ ঃ ২০.০৭.২০২৫খ্রি.

## ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগের আওতায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের অবকাঠামো নির্মাণ/ সম্প্রসারণ/ মেরামত/ আসবাবপত্র সরবরাহ ইত্যাদি কার্য ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত পাবলিক প্রক্রিউরমেন্ট (দ্বিতীয় সংশোধন) আইন, ২০০৯ মোতাবেক দরপত্র প্রতিযোগিতায় দরপত্রদাতাদের অংশ গ্রহণের লক্ষ্যে অনধিক ৩(তিন) কোটি টাকা মূল্যের অভ্যন্তরীণ কার্যক্রম এবং পণ্য (আসবাবপত্র) ক্রয়ের ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঠিকাদার কর্তৃক অতীতে সম্পাদিত কার্য ক্রয়ের অভিজ্ঞতাসহ অন্যান্য অভিজ্ঞতার আলোকে অত্র বিভাগের আওতায় মোট ০২(দুই)টি ক্যাটারগরিতে (ক ও খ) ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য ঠিকাদার তালিকাভুক্তির আবেদন ফরম আগামী ০১ আগস্ট/২০২৫ তারিখ হতে পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ থেকে সংগ্রহ করা যাবে। তালিকাভুক্তির আবেদন ফরম ক্রয়ের সময় ঠিকাদারের মূল প্যাডে আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সাথে আয়কর, ভ্যাট ও ট্রেড লাইসেন্সসহ অন্যান্য কাগজপত্রাদি এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

| | | | |
|---|---|---|---|
| ০১। | প্রতিষ্ঠান | : | পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় |
| ০২। | বিভাগ | : | পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ |
| ০৩। | আবেদন ফরমের মূল্য ও প্রাপ্তির স্থান | : | পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, ১০০০.০০ (এক হাজার) টাকা নগদ (অফেরতযোগ্য)। আবেদন ফরম অর্থ ও হিসাব বিভাগ থেকে সংগ্রহ করতে হবে। মূল রশিদ আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। |
| ০৪। | আবেদনপত্র দাখিল | : | আবেদনপত্র পরিচালক, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ বরাবর দাখিল করতে হবে। |
| ০৫। | যে তারিখ হতে আবেদনপত্র গ্রহণ করা যাবে | : | ০১.০৮.২০২৫ খ্রি. |
| ০৬। | আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ | : | ৩০.০৯.২০২৫ খ্রি. |

২.০ আবেদনকারীকে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক যাচিত কাগজপত্রে সত্যায়িত ছায়ালিপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

**শর্তাবলীঃ**

ক) হালনাগাদ নবায়নকৃত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ছায়ালিপি।
খ) হালনাগাদ নবায়নকৃত ই-টিন (আয়কর সনদ) এর সত্যায়িত ছায়ালিপি।
গ) ভ্যাট রেজিস্ট্রেশনের সত্যায়িত ছায়ালিপি।
ঘ) জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি।
ঙ) ব্যাংক লেনদেনের বিবরণীর (কমপক্ষে ৩ দিনের ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার স্থিতিসহ ০১.০৮.২০২৫ তারিখ হতে ৩০.০৯.২০২৫ তারিখ এর মধ্যে) ছায়ালিপি (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলী ব্যাংক হতে)।
চ) প্রতিষ্ঠানের মালিক / ব্যবস্থাপনা পরিচালকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙীন ছবি।
ছ) তালিকাভুক্তি বই এর ছায়ালিপি (পূর্বের যদি থাকে)।
জ) ফরমের নমুনা অনুযায়ী (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে) ঘোষণা পত্র।

৩.০ কর্তৃপক্ষ যে কোন আবেদন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল এবং আবেদন গ্রহণের সময়সীমা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

20/07/2025

(মোঃ ওবায়েদুল ইসলাম)
পরিচালক
পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ

**সদয় অবগতি ও পরবর্তি ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ**

১. প্রো ভাইস-চ্যান্সেলর, পবিপ্রবি;
২. ট্রেজারার, পবিপ্রবি;
৩. রেজিস্ট্রার, পবিপ্রবি;
৪. পরিচালক (অঃ দাঃ), আইসিটি সেল (সংযুক্ত ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো), পবিপ্রবি;
৫. ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর কার্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), পবিপ্রবি;
৬. জেলা প্রশাসক কার্যালয়ের নোটিশ বোর্ড, পটুয়াখালী;
৭. উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ের নোটিশ বোর্ড, দুমকি;
৮. শ্রীরামপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ড, দুমকি;
৯. সংশ্লিষ্ট নথি এবং
১০. মহানথি

পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগ
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬৬০, বাংলাদেশ
ফোন ঃ অফিস-০৪৪২৭-৫৬০১৮
ফোন ঃ (পিএবিএক্স)ঃ ০৪৪২৭-৫৬০১৪-এক্স.২৫৯
ফ্যাক্সঃ ০৪৪২৭-৫৬১১২/৫৬০০৯

Planning, Development and Works Division
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8660, Bangladesh.
Phone: 04427-56018, Cell: 01711-593394
Phone: (PABX): 04427-56014-Ext. 259
Fax: 04427-56112/56009
E-mail: directorplanning@pstu.ac.bd
Website: www.pstu.ac.bd

## তালিকাভুক্তির বিষয়ে নির্দেশনাবলী

০১। ঠিকাদার তালিকাভুক্তি/শ্রেণী উন্নতির আবেদনপত্র পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ হতে নগদ ১০০০.০০ (এক হাজার) (অফেরতযোগ্য) টাকা মূল্যে বিক্রয় করা হবে। বিক্রিত আবেদনপত্রে রশিদ নম্বর ও তারিখ উল্লেখ থাকতে হবে। আবেদনপত্র ক্রয়ের সময় প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হবে এবং ট্রেড লাইসেন্স, ই-টিন সনদ ও ভ্যাট সনদ এর সত্যায়িত কপি সহ প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হবে।

০২। আবেদনকারী যথাযথভাবে আবেদন পত্রের পৃষ্ঠাসমূহ পূরণ করবেন।

০৩। আবেদনকারীর দাখিলকৃত তথ্যাদি প্রচলিত আইন / বিধির পিপিআর অনুযায়ী যাচাই করা হবে।

০৪। আবেদনকারীর কাজের অভিজ্ঞতার বিষয়ে ন্যূনতম সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট হতে কাজের অভিজ্ঞতার সনদপত্র দাখিল করবেন। উক্ত সনদপত্রে কাজের নাম, কার্যকাল ও সম্পাদিত কাজের মূল্য উল্লেখ থাকতে হবে। সনপত্রে অবশ্যই সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নাম, অফিসের ঠিকানা, টেলিফোন নম্বর ও ইমেইল নম্বর উল্লেখ থাকতে হবে।

০৫। সকল শ্রেণির ক্ষেত্রে হালনাগাদ আয়কর পরিশোধিত সনদ (ই-টিন নম্বরসহ), ট্রেড লাইসেন্স, ভ্যাট ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৬। ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে এফিডেভিট (মূল কপি) ও সত্যায়িত ছবি এবং লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে রেজিস্ট্রার্ড এম ও ইউ এবং ব্যবস্থাপনা পরিচালকের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

০৭। আবেদনকারী আবেদনপত্রটি সঠিকভাবে পূরণ করে পরিচালক, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস বিভাগে জমা দিবেন। অত্র বিভাগ হতে একটি ক্রমিক নম্বর দিয়ে প্রাপ্তি স্বীকার পত্র দেওয়া হবে।

০৮। আবেদনপত্রের সংশ্লিষ্ট পৃষ্ঠায় প্রদত্ত তালিকাভুক্তি/শ্রেণী উন্নতির লক্ষ্যে যোগ্যতা নির্ধারণী বিধি, শর্ত ও নিয়মাবলী সরকারি সিদ্ধান্ত মোতাবেক পরিবর্তিত হতে পারে।

০৯। তালিকাভুক্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হলে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে পিপিআর-২০০৮ এর বিধান মোতাবেক শ্রেণিভেদে তালিকাভুক্তি ফি টাকা ৫০০০.০০ (পাঁচ হাজার) এবং ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা সরকারি নিয়ম অনুযায়ী রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবরে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।

১০। "ক" ও "খ" শ্রেণী লাইসেন্স এর আবেদনকারী প্রতিষ্ঠান/ব্যক্তিকে স্বাভাবিক দলিলপত্রের অতিরিক্ত হিসেবে বৈদ্যুতিক লাইসেন্স বোর্ড কর্তৃক ইস্যুকৃত/নবায়ন এবিসি ও সুপারভাইজারী লাইসেন্স দাখিল করতে হবে। যদি কারো এবিসি লাইসেন্স না থাকে তবে এবিসি লাইসেন্স রয়েছে এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে এ মর্মে চুক্তিপত্র (৩০০.০০ টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্টাম্পে) গ্রহণ করতে হবে যে সংশ্লিষ্ট কাজের বিবরণ বা স্পেশিফিকেশনের কোনরূপ মানের ত্রুটির জন্য একক বা যৌথভাবে দায়ী থাকবেন।

১১। বর্তমান চালু বৈধ লাইসেন্সধারী ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ স্ব-স্ব শ্রেণিতে সরাসরি তালিকাভুক্ত মর্মে গণ্য হবেন।৺

১২। প্রতি শ্রেণির তালিকাভুক্তির জন্য আলাদাভাবে আবেদনপত্র পেশ করতে হবে।

বিস্তারিত বিবরণ প্রয়োজনবোধে আলাদাভাবে ভিন্ন কাগজে দেখানো যেতে পারে।